

## অ্যান্ড্রয়েড স্মার্টফোনের জন্য ফেসবুকের অ্যাপস

বিশ্বখ্যাত সার্চ ইঞ্জিন গুগলের তৈরি মুঠোফোনের জনপ্রিয় মুক্ত অপারেটিং সিস্টেম অ্যান্ড্রয়েডের জন্য এবার বিশেষ অ্যাপস তৈরি করেছে ফেসবুক। সম্প্রতি 'হোম' নামের বিশেষ এ অ্যাপসটির ব্যাপারে জানানো হয়। নতুন এ অ্যাপসের মাধ্যমে ফেসবুকের সব সর্বশেষ হালনাগাদ তথ্য (ফিড) অ্যান্ড্রয়েড চালিত স্মার্টফোনের পর্দায়ই পাওয়া যাবে। অর্থাৎ 'হোম' অ্যাপস ব্যবহার করলে ফেসবুকের অ্যাপসে না গিয়েই মূল স্মার্টফোনের পর্দায়ই পাওয়া যাবে ফেসবুকের সর্বশেষ হালনাগাদ তথ্য। শুধু তথ্যই নয়, করা যাবে চ্যাটও।

আর অ্যাপস থেকে যেসব কাজ করা যেত যেমন সর্বশেষ অবস্থার হালনাগাদ, কমেন্ট, লাইক দেওয়াসহ সব ধরনেরও কাজও 'হোম' অ্যাপসের মাধ্যমে স্মার্টফোনের মূল পর্দা থেকেই করা যাবে। প্রতিটি নোটিফিকেশন আলাদাভাবে চলে আসবে।

এর আগে নিজেরাই বাজারে স্মার্টফোন নিয়ে আসছে বলে খবর প্রকাশিত হয়। তবে এ খবরের ব্যাপারে কিছু জানায়নি ফেসবুক। তবে নতুন এ অ্যাপস তৈরি করে নিজেদের স্মার্টফোন আনার ব্যাপারে ফেসবুক একরকম না জানিয়ে দিল বলে মনে করছেন প্রযুক্তিসংশ্লিষ্ট ব্যক্তির। প্রযুক্তিবিশেষজ্ঞদের মতে, ফেসবুক মুঠোফোনে ফেসবুক ব্যবহারের ক্ষেত্রে সুবিধা বাড়াতে কাজ করে যাচ্ছে। কারণ, মুঠোফোনের আয় ধীরে ধীরে বেড়েই



অ্যান্ড্রয়েডের জন্য ফেসবুকের অ্যাপস

চলছে। আর এরই অংশ হিসেবে নতুন অ্যাপসের ঘোষণা দেওয়া হয়েছে বলেও মনে করেন তারা।

নতুন অ্যাপসটি ব্যক্তিগত তথ্যের নিরাপত্তা নিশ্চিত করতে পারবে না বলে অভিযোগ উঠেছে। বলা হচ্ছে, এ কারণে ব্যক্তিগত নিরাপত্তার বিষয়টি বিরূপ প্রভাব ফেলতে পারে। কারণ, এই অ্যাপস ব্যবহার করে যদি স্মার্টফোনটি চুরি হয়ে যায়, তা হলেও অনেকের ব্যক্তিগত তথ্য বেহাত হওয়ার আশঙ্কা রয়েছে। অ্যান্ড্রয়েড ব্যবহারকারীরা গুগল প্লে স্টোর অ্যাপসটি নামিয়ে নিতে (ডাউনলোড) পারবেন।

—বিবিসি অবলম্বনে কাজী আলম